



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়
৪, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০
www.waqf.gov.bd



স্মারক নং-১৬.০২.০০০০.০৭৮.৩১.৪৯০.২৬/ ৮০

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২
১২ এপ্রিল ২০২৬

বিষয়:- পিরোজপুর জেলার কাউখালী উপজেলাধীন মৌলভী মফিজ উদ্দিন হাওলাদার ওয়াক্ফ এস্টেটের (ই.সি.নং-১১৪৯০) মৃত মোতাওয়াল্লীর স্থলে মোতাওয়াল্লী নিয়োগ প্রসঙ্গে।

সূত্র:- ১। জনাব মোঃ আলম হোসেন কর্তৃক দাখিলকৃত গত ২২.০৫.২০২৫ খ্রি: তারিখের মোতাওয়াল্লী নিয়োগের আবেদন।
২। স্থানীয় ওয়াক্ফ পরিদর্শক কর্তৃক গত ২২.১০.২০২৫ খ্রি: তারিখের দাখিলকৃত তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের পরিপ্রেক্ষিতে গত ০৫.১১.২০১৯ তারিখের রেজুলেশনের সিদ্ধান্ত মোতাবেক এবং তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে এস্টেটের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে মৃত মোতাওয়াল্লী স্থলে নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে তাকে (জনাব মোঃ আলম হোসেন) মোতাওয়াল্লী নিয়োগ করা হলো।

-: শর্তসমূহ :-

০১. ওয়াক্ফ অধ্যাদেশ, ১৯৬২ ও ওয়াক্ফ সংক্রান্ত অন্যান্য বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিল অনুসারে ওয়াক্ফ এস্টেট পরিচালনা করতে হবে;
০২. ধার্যকৃত ওয়াক্ফ কন্ট্রিবিউশন (০৫%) প্রতি অর্থবছর ৩০শে জুনের মধ্যে আবশ্যিক ভাবে ওয়াক্ফ প্রশাসক বরাবর পরিশোধ করতে হবে;
০৩. প্রতিবছর ১৫ জুলাই-এর মধ্যে পূর্ববর্তী অর্থ বছরের আয়-ব্যয়ের হিসাব দাখিল করতে হবে;
০৪. ওয়াক্ফ এস্টেটের নামে যেকোন তফসিলি ব্যাংকে একটি ব্যাংক হিসাব খুলে সকল প্রকার লেনদেন ঐ হিসাবের মাধ্যমে সম্পন্ন করতে হবে এবং সকল প্রকার আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
০৫. ওয়াক্ফ সম্পত্তির মালিকানা স্বত্ব (Record of Rights) বজায় রাখতে হবে এবং এস্টেটের নামের কোন তারতম্য করা যাবেনা;
০৬. ওয়াক্ফ সংক্রান্ত আইন, বিধি-বিধান এবং ওয়াক্ফ দলিলের পরিপন্থী কোন কাজ করা হলে মোতাওয়াল্লী দায়বদ্ধ থাকবে এবং আইন ও বিধি-বিধান মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
০৭. এস্টেটের বিচারাধীন মামলাসমূহ (যদি থাকে) পরিচালনায় যথাযথভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে। মামলার অর্জিত ফলাফল সময়ে সময়ে এ কার্যালয়কে অবহিত করতে হবে;
০৮. প্রয়োজন মোতাবেক এস্টেটের স্বার্থ সংরক্ষণ ও এস্টেট পরিচালনায় এ কার্যালয়ের পরামর্শ ও সহযোগিতা গ্রহণ করতে হবে;

স্বাক্ষর:

মুহাম্মদ আবুল কাসেম
সহকারী প্রশাসক (চ.দা.)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।


জনাব মোঃ আলম হোসেন
মোতাওয়াল্লী
মৌলভী মফিজ উদ্দিন হাওলাদার ওয়াক্ফ এস্টেট
পিতা-আবদুল খালেক
সাং-বান্নাকান্দা, পোঃ-ধাবড়ী-৮৫১০
উপজেলা-কাউখালী, জেলা-পিরোজপুর।

স্মারক নং-১৬.০২.০০০০.০৭৮.৩১.৪৯০.২৬/ ৬০/১(৫)

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২
১২ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

- ১। জেলা প্রশাসক ও সভাপতি জেলা ওয়াক্ফ উন্নয়ন কমিটি, জেলা-পিরোজপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার ও সদস্য জেলা ওয়াক্ফ উন্নয়ন কমিটি, উপজেলা-কাউখালী, জেলা-পিরোজপুর।
- ✓ ৩। সহকারী প্রোগ্রামার, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। পিএ টু ওয়াক্ফ প্রশাসক (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য) বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ৫। জনাব মো: জাহিরুল হক শাহীন, ওয়াক্ফ পরিদর্শক, বায়তুল খলিল, ২০নং নবগ্রাম রোড, বটতলা, সদর জেলা-বরিশাল।


সহকারী প্রশাসক (চ.দা.)